

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 10-11-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Unity March:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা আজ সকালে আগরতলায় একতার পদযাত্রায় যোগ দিয়েছেন। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে সামাজিক একতার আস্থানে এই পদযাত্রা অনুষ্ঠিত হচ্ছে। রাজধানী শহরের পনেরোটি স্কুলের পড়ুয়াদের সঙ্গে এই পদযাত্রায় অংশ নিয়েছেন মুখ্যমন্ত্রী। এদিকে বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য জানিয়েছেন, ভারতের লৌহ পুরুষ সর্দার বল্লভ ভাই পাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আজ থেকে রাজ্যের বিভিন্ন জেলায় একতা মার্চের আয়োজন করা হচ্ছে। গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি জানান, পশ্চিম জেলায় আয়োজিত একতা মার্চে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, মন্ত্রিসভার সদস্যগণ ও অন্যান্যরা অংশগ্রহণ করছেন।

\*\*\*\*\*

**PM in Uttarakhand:**

স্বনির্ভর ভারতের যে অঙ্গীকার দেশ নিয়েছে, তার পথ নির্ধারণ করবে 'ভোকাল ফর লোকাল'। উত্তরাখণ্ড সর্বদা এই দৃষ্টিভঙ্গিকে বাস্তবায়িত করে চলেছে। উত্তরাখণ্ডের ২৫ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক জনসমাবেশে গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই অভিমত প্রকাশ করেন। তিনি আরও বলেন দেবভূমির আসল বৈশিষ্ট্য হল এর আধ্যাত্মিক শক্তি। যদি উত্তরাখণ্ড দৃঢ়প্রতিজ্ঞ হয়, তাহলে আগামী কয়েক বছরের মধ্যে এটি "বিশ্বের আধ্যাত্মিক

রাজধানী" হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারবে। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেহাদুনের বন গবেষণা ইনস্টিটিউটে আয়োজিত এক অনুষ্ঠানে ৮,০০০ কোটি টাকারও বেশি মূল্যের পানীয় জল, সেচ, কারিগরি শিক্ষা, জ্বালানি, নগর উন্নয়ন, ক্রীড়া এবং দক্ষতা উন্নয়ন সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন।

\*\*\*\*\*

### **President Murmu -Angola:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল লুয়ান্ডায় অ্যাঙ্গোলার রাষ্ট্রপতি জোও লোরেঞ্চোর সাথে দ্বিপাক্ষিক বিষয়ে বিস্তৃত আলোচনা করেছেন। উভয় দেশ মৎস্য, জলজ পালন, সামুদ্রিক সম্পদ এবং কনস্ট্রাকশনের বিষয়ে সহযোগিতা বৃদ্ধির জন্য সমঝোতা স্মারক বিনিময় করেছে। রাষ্ট্রপতি মুর্মু আন্তর্জাতিক বিগ ক্যাট অ্যালায়েন্স (আইবিসিএ) এবং গ্লোবাল বায়োফুয়েলস অ্যালায়েন্স (জিবিএ) -এ যোগদানের অ্যাঙ্গোলার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। রাষ্ট্রপতি মুর্মু দ্বিপাক্ষিকভাবে এবং ভারত-আফ্রিকা ফোরাম শীর্ষ সম্মেলনের বৃহত্তর কাঠামোতে অ্যাঙ্গোলার উন্নয়ন যাত্রায় নির্ভরযোগ্য অংশীদার হওয়ার জন্য ভারতের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

\*\*\*\*\*

### **Special Swachhata Campaign- Revenue:**

কেন্দ্রীয় মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং জানিয়েছেন যে ২০২১ থেকে বর্জ্য অপসারণের মাধ্যমে পাঁচটি নিবেদিত বার্ষিক পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানের মাধ্যমে মোট ৪০৮৫ কোটি টাকারও বেশি রাজস্ব আয় করা হয়েছে। ডঃ সিং গতকাল বলেন, বর্জ্য বিক্রি করে অর্জিত এই ৪,০৮৫ কোটি টাকারও বেশি অর্থ একটি মেগা মহাকাশ অভিযান বা একাধিক চন্দ্রযান মহাকাশ অভিযানের মোট বাজেট হতে

পারে। তিনি মনে করিয়ে দেন, প্রধানমন্ত্রী হওয়ার পর স্বাধীনতা দিবসের প্রথম ভাষণে নরেন্দ্র মোদী লাল কেল্লার প্রাকার থেকে পরিচ্ছন্নতার ডাক দিয়েছিলেন। পরে তা একটি গণ অভিযানে পরিণত হয় এবং প্রথম বছরেই চার লক্ষেরও বেশি শৌচাগার তৈরি করা হয়। তিনি আরও জানান, চলতি বছরে পঞ্চম পর্যায়ের বিশেষ অভিযানে ৭৮৮.৫৩ কোটি টাকারও বেশি অর্থ যোগ করা হয়েছে।

\*\*\*\*\*

### **Pratima Bhowmik:**

প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক গতকাল কৈলাশহরে অবস্থিত শৈবতীর্থ উনকোটি পরিদর্শন করেন। এখানে পাহাড়ের গায়ে খোদিত ভাস্কর্য ও স্থাপত্য ঘুরে দেখেন। তিনি উনকোটিশ্বর শিবের পূজা দেন। পরিদর্শনকালে তাঁর সঙ্গে ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, বি,জে,পি'র জেলা সাধারণ সম্পাদক অরুণ সাহা প্রমুখ।

\*\*\*\*\*

### **Manohar Lal Khattar-Gurugram**

কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রী মনোহর লাল খট্টর বলেছেন, টিয়ার-২ এবং টিয়ার-৩ শহরগুলিতে নগর গতিশীলতা পরিকল্পনা এখন থেকেই শুরু করা উচিত, যাতে এই শহরগুলি ভবিষ্যতের টিয়ার-১ নগর হিসেবে সুপরিকল্পিত এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত অবস্থায় থাকে। গুরুগ্রামে আরবান মোবিলিটি ইন্ডিয়া (ইউএমআই) সম্মেলন এবং প্রদর্শনী ২০২৫-এর ১৮তম সংস্করণের সমাপনী অধিবেশনে বক্তৃতা দেওয়ার সময় গতকাল তিনি এই কথা বলেন। তিন দিনের এই সম্মেলনে এ বছর ৮টি দেশের ১,৬০০ জনেরও বেশি প্রতিনিধি অংশগ্রহণ করেছেন। অনুষ্ঠানে শ্রী খট্টর পিএম ই-বাস সেবা প্রকল্পের লোগো এবং এর ওয়েবসাইটও চালু করেন যার লক্ষ্য হল নগর ও ছোট শহরগুলিতে

সরকারী ও বেসরকারী অংশীদারিত্বের - পিপিপি মডেলে ১০০০০ বৈদ্যুতিক বাস পরিষেবা চালু করা।

\*\*\*\*\*

### **Chess Champion:**

উত্তর প্রদেশের গাজিয়াবাদে অনুষ্ঠিত জাতীয় অনূর্ধ্ব ১৫ বছরের দাবা প্রতিযোগিতায় ভারত সেরা হলো রাজ্যের আন্তর্জাতিক মাস্টার অর্শিয়া দাস। জাতীয় সাবজুনিয়র দাবা প্রতিযোগিতার বালিকা বিভাগে গতকাল এক রাউন্ডের খেলা বাকী থাকতেই অর্শিয়া চ্যাম্পিয়নের খেতাব চূড়ান্ত করে নেয়। ১০ রাউন্ডে অর্শিয়ার সংগ্রহ সাড়ে ৯ পয়েন্ট। আজ প্রতিযোগিতার শেষ রাউন্ডের খেলা হবে।

\*\*\*\*\*

### **Ranji Trophy:**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় আসামের বিরুদ্ধে ত্রিপুরা দ্বিতীয় দিনের শেষে চালকের আসনে রয়েছে। এম বি বি স্টেডিয়ামে ৪ উইকেটে ৩১৬ রান থেকে খেলতে নেমে রাজ্যদল গতকাল ৭ উইকেটে ৬০২ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষণা করে। দলের পক্ষে হনুমা বিহারী ১৫৬ ও বিজয় শংকর অপরাজিত ১৫০ রান করেন। এছাড়া সেন্টু সরকার ৯৪, মণিশংকর মুড়াসিং ৫২ ও রাণা দত্ত ৫১ রান করেন। জবাবে খেলতে নেমে সফরকারী আসাম প্রথম ইনিংসে দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ৬৭ রান করে। আসাম এখন ফলোঅন এড়ানোর জন্য লড়াই করছে।

\*\*\*\*\*

### **Under 23 Cricket:**

জাতীয় অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটের গ্রুপের প্রথম খেলায় গতকাল ত্রিপুরা পরাজিত হয়েছে। জয়পুরের অনন্তম মাঠে অনুষ্ঠিত খেলায় হিমাচল প্রদেশ ৪৪ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

## **Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ আংশিক মেঘলা থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের তাপমাত্রা থাকবে সর্বোচ্চ ৩১ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*